



202
321

স্বাক্ষরিত
স্বাক্ষরিত
15.5.17

In The Court of Ld C.J.M. Purba Medinipur at Tamluk

F.I.R

Ref:-M.P. Case No. 41 of 2017

বাদিনী
শ্রীমতী সরস্বতী পন্ডা
স্বামী- শ্রী লক্ষীকান্ত পন্ডা
সাং- রঘুনাথপুর
পোঃ- ডিমারীহাট
থানা- তমলুক
জেলা- পূর্ব মেদিনীপুর ।

অভিযুক্তগন

- ১। শ্রী দীলিপ পন্ডা
পিতা- স্বর্গীয় মধুসূদন পন্ডা
- ২। শ্রী পিন্টু পন্ডা
পিতা- শ্রী দীলিপ পন্ডা
- ৩। শ্রীমতী মিনতী পন্ডা
স্বামী- শ্রী দীলিপ পন্ডা
- ৪। শ্রী সনাতন মান্না,
পিতা- স্বর্গীয় নগেন্দ্র মান্না
সর্ব সাং- রঘুনাথপুর, পোঃ- ডিমারীহাট
থানা- তমলুক, জেলা- পূর্ব মেদিনীপুর ।
- ৫। শ্রী গৌর বাগ
পিতা- সত্যেশ্বর বাগ
সাং- ইচ্ছাবাড়ী, পোঃ- ডিমারীহাট
থানা- তমলুক, জেলা- পূর্ব মেদিনীপুর ।
- ৬। শ্রীমতী পিঙ্কি গোস্বামী
স্বামী- শ্রী অলোক গোস্বামী
সাং ও পোঃ- খারুই,
থানা- তমলুক, জেলা- পূর্ব মেদিনীপুর ।

ofc.
Tamluk to
Inves Deptt.
file report.

Received on
13.35 hrs and
started on
PS Case no. 2608/17
dated 02.06.17
w/s 323/341/379/
380/506/349

সাক্ষীগন

- ১। শ্রীমতী সাবিদ্রী পন্ডা, স্বামী শ্রী সুদর্শন পন্ডা
- ২। শ্রীমতী মায়ারানী পন্ডা, স্বামী- কার্তিক পন্ডাঃ
- ৩। শ্রী চঞ্চল সী, পিতা- মধুসূদন সী
- ৪। শ্রী সুকুমার সী, পিতা- সুদর্শন সী
সর্ব সাং - রঘুনাথপুর, পোঃ- ডিমারীহাট
থানা- তমলুক, জেলা- পূর্ব মেদিনীপুর

ঘটনার তারিখ ও সময় :-

গত ইং ০৮.০৪.২০১৭

সময় :- সকাল প্রায় ৮ টা নাগাদ

Officer-in-charge,
Tamluk Police Station
Dist.-Purba Medinipur
02.06.17

P.T.O....



১৫ মে ২০১৭

১৫ মে ২০১৭

অধীন বাদিনীর বিনীত নিবেদন এই যে,

অধীনা একজন অসহায়, সহজ সরল, গ্রাম্য গৃহবধু হইতেছি এবং উপরাক্ত সাকিনে স্থায়ী ভাবে বসবাস করিতেছি।

অভিযুক্তব্যক্তিগন অত্যন্ত দুর্দান্ত, দুর্বীণিত, অত্যাচারী, ইর্ষাপরায়ন, কলহ প্রিয়, গুণ্ডাপ্রকৃতির ব্যক্তিগন হইতেছে এবং অভিযুক্ত মহিলা অনন্ত মুখরা, প্রখরা, ও ঝগড়াটে স্বভাবের হইতেছে।

ঘটনা তারিখ ও সময়ে অধীনা যখন বাড়ীর কাজে ব্যস্ত ছিলাম তখন সমূহ অভিযুক্ত ব্যক্তিগন পূর্ব পরিকল্পিত ও পূর্ব আক্রোশ বশতঃ একযোগে, হাতে কাঠের বাটাম লইয়া অধীনার বাড়ীর সামনে আসিয়া অধীনা সহ অধীনার বাড়ীর অন্যান্য লোকজনদের নাম বরাবর কুৎসিৎ নোংরা ভাষায় গালিগালাজ করিতে থাকে। এমতাবস্থায় অধীনা অভিযুক্ত ব্যক্তিগনের গালিগালাজের প্রতিবাদ করিলে অভিযুক্ত ব্যক্তিগন মারমুখী হইয়া চড়াও হয় এবং অধীনার চরিত্র তুলিয়া আরও কুৎসিৎ নোংরা ভাষায় গালিগালাজ করিতে থাকে। এমতাবস্থায় অধীনার শাশুড়ীও অভিযুক্ত ব্যক্তিগনের উক্ত রূপ গালিগালাজের প্রতিবাদ করিলে অভিযুক্ত ব্যক্তিগন তাহাদের হাতে থাকা কাঠের বাটাম লইয়া অধীনার বাড়ীর ভেতরে জোর পূর্বক প্রবেশ করিয়া ১,২,৩নং অভিযুক্ত ব্যক্তি অধীনার চুলের মুঠি ধরিয়া টানিয়া হিঁচড়িয়া বাহিরে আনিয়া মাটিতে ফেলিয়া দিয়া লাথি ও ঘুসি মারিতে থাকে। এবং অধীনার ডান কানের একটি সোনার রিং ১নং আসামী দিলীপ পন্ডা ছিনিয়া লয় ও আত্মসাৎ করে। এইরূপ অবস্থায় অধীনার শাশুড়ী অধীনাকে প্রানে বাঁচাতে এলে অন্যান্য অভিযুক্ত ব্যক্তিগন অর্থাৎ ৪,৫,৬ নং অভিযুক্ত ব্যক্তিগন অধীনার শাশুড়ীকেও মারধর করিতে থাকে এবং ট্রান্সে থাকা প্রায় ১,০০০ (এক হাজার) টাকা লইয়া আত্মসাৎ করে। এমতাবস্থায় অধীনা ও অধীনার শাশুড়ীর আত্মচিত্কারে প্রতিবেশী লোকজন ঘটনার স্থলে ছুটিয়া আসিলে অভিযুক্ত ব্যক্তিগন পুনঃরায় মারধরের হুমকী দিয়া ঘটনা স্থল ত্যাগ করে।

ফলে অধীনা প্রানে রক্ষা পাই অভিযুক্ত ব্যক্তিগনের দ্বারা উক্তরূপ মারধরের ফলে অধীনার সারা শরীরে ফোল ব্যাথা বেদনা জখম প্রাপ্ত হইয়াছি এবং পূর্ব মেদিনীপুর সদর হাসপাতালে চিকিৎসিত হইয়াছি। অধীনার শাশুড়ী স্থানীয় ডাক্তার বাবুর দ্বারা চিকিৎসিত হইয়াছে।

হাসপাতাল

১৩/০৫/১৭

হাসপাতাল হইতে ছাড়া পাইবার পরও গুরুতর অসুস্থ ও হাটা চলার কষ্ট হইবার কারণে অধীনা গত ইং ১০.৪.২০১৭ তারিখে তমলুক থানায় লিখিত ভাবে জানাইয়াছি। যাহার G.D.E. No. 531/17 dt. 10.04.2017 হইতেছে।

উক্ত ঘটনার বিষয় গত ইং ২৮.০৪.২০১৭ তারিখে S.D.P.O. Tamluk এবং S.P. Purba Medinipur মহাশয়কে গত ইং ০২.০৫.২০১৭ তারিখে লিখিত ভাবে জানাইয়াছি। ঘটনার বিষয় প্রভূত সাক্ষ্য প্রমাণ রহিয়াছে।

অত্র সহ মোকদ্দমার পোষকে যাবতীয় প্রমাণ পত্রের জেরক্স কপি হুজুর আদালতে দাখিল হইল।

অদ্যবধি কোন ভাবে কোন প্রতিকার না পাওয়ায় বাধ্য হইয়া অধীনা হুজুরাদালতে অত্র নালিশ করিতেছি।

উক্ত কারণে হুজুরাদালতে ও মামলা দায়ের করিতে বিলম্ব হইল।

অতএব প্রার্থনা এই যে, অভিযুক্তগণের বিরুদ্ধে ভারতীয় দণ্ডবিধি আইনের 323/341/379/380/506/34 I. P.C. ধারা মতে অপরাধ করিবার কারণে ফৌজদারী কার্য বিধি আইনের ১৫৬ (৩) ধারা মতে F.I.R. গন্যে O/C Tamluk P.S. কে investigation করিবার বিহিত আদেশ দিতে আজ্ঞা হয়।

নিবেদন ইতি -

১৩/০৫/১৭